# উদ্ভাবন প্রকল্প ছক

দপ্তর/প্রতিষ্ঠানের নাম: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ। তারিখ: ৩১/০১/২০২৪

চিহ্নিত সেবার নাম: জেলে নিবন্ধন কার্যক্রম সহজীকরণ

**চিহ্নিত সেবাটি বর্তমানে কীভাবে দেয়া হয়? (বুলেট আকারে):**

- জেলেরা উপজেলা মৎস্য অফিসে আসে ও নিবন্ধনের বিষয়ে জানতে চায়।
- জেলেদেরকে জানানো হয় যে, নিবন্ধন কার্যক্রম সব সময় হয় না, যখন হবে তখন জনানো হবে, একটি আবেদন জমা দিন।
- আবেদন জমা না দিয়ে জেলের প্রস্থান করেন।
- অল্প সময়ের মধ্যে যখন তাড়াতাড়ি কাজটি করা হয়, তখন অনেকে জানতে পারেনা যে, জেলে নিবন্ধনের কাজটি হচ্ছে।
- এতে করে অনেক জেলে নিবন্ধনের বাইরে থেকে যায় অথবা সঠিক তদারকীর অভাবে অমৎস্যজীবি জেলে হিসেবে নিবন্ধিত হয়।

**চিহ্নিত সেবাটি বর্তমানে কীভাবে দেয়া হয়? (প্রসেসম্যাপ):**

শুরু
↓
মৎস্য অফিসে আগমন
↓
জেলে নিবন্ধনের বিষয়ে জানতে চাওয়া
↓
নিবন্ধন যখন হবে তখন জানাব, আবেদন জমা দিন
↓
আবেদন জমা না দিয়েই জেলের প্রস্থান
↓
অল্প সময়ে যখন তাড়াতাড়ি কাজটি করা হয়, তখন অনেকে জানতে পারেনা যে, জেলে নিবন্ধনের কাজটি হচ্ছে, ফলে অনেকে বাদ পরেন।
↓
শেষ

| চিহ্নিত সেবার মূল সমস্যা | সমস্যার পিছনে মূল কারণসমূহ | সেবা গ্রহীতা/প্রদানকারীর ভোগান্তি (TCV++) |
|---|---|---|
| শতভাগ জেলেকে নিবন্ধনের আওতায় আনতে না পারা | ১। উপজেলা মৎস্য অফিসের জনবল স্বল্পতা<br>২। বিদ্যমান সীমিত জনবল দিয়ে সঠিক তদারকী করতে না পারা<br>৩। সাধারণ মানুষের জেলে হিসেবে নিবন্ধনের প্রবনতা<br>৪। জনপ্রতিনিধিদের স্বজনপ্রীতি ও ক্ষেত্র বিশেষে অসহযোগিতা<br>৫। নিবন্ধনের বিষয়ে প্রচারের অভাব<br>৬। কোন কোন ক্ষেত্রে জেলেদের নিবন্ধনে অনীহা ও সহযোগিতা | ১। জেলে হিসেবে নিবন্ধনের জন্য ২-৩ বছর সময় লাগে।<br>২। অফিসে আসতে জেলেদের ১০০-১৫০ টাকা খরচ হয়।<br>৩। নিবন্ধনের জন্য জেলেদের কয়েকবার মৎস্য অফিসে আসতে হয় (২-৩ বার)। |

**সমস্যা এবং এর কারণ ও প্রভাব সম্পর্কিত সংক্ষিপ্ত বিবৃতি (why, what, who, where, when & how)**

শতভাগ জেলেকে নিবন্ধনের আওতায় আনা একটি চ্যালেঞ্জ। কারণ, জেলেরা জানতে পারেনা কখন নিবন্ধনের কাজ হয়, কি পাব/ না পাব এই হিসাব কষে ক্ষেত্র বিশেষে জেলেদের অনীহা ও অসহযোগিতা, মৎস্য অধিদপ্তরের জনবল স্বল্পতা, জনপ্রতিনিধিদের অসাধুতা ও অসহযোগিতা ইত্যাদি। এতে করে সত্যিকার সকল জেলেকে নিবন্ধনের আওতায় আনা সম্ভব হচ্ছেনা এবং কোন কোন ক্ষেত্রে অমৎস্যজীবি জেলে হিসেবে নিবন্ধিত হচ্ছে।

**সমস্যার প্রস্তাবিত সমাধান/আইডিয়া (বুলেট আকারে):**

- উপজেলার প্রতিটি ইউনিয়নের সকল ওয়ার্ড হতে ৩ জন করে জেলে বাছাই করা (যদি সম্ভব হয়) যারা সংশ্লিষ্ট ওয়ার্ডের সকল জেলেকে ভালোভাবে চিনে ও জানে।
- জেলে নিবন্ধনের জন্য একটি আবেদন ফরম তৈরী করা, যা উপজেলা মৎস্য অফিস, জনপ্রতিনিধি ও দপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে
- আবেদন ফরম সংগ্রহ করে জেলেরা আবেদন করবেন এবং সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য ও ইউনিয়ন চেয়ারম্যান আবেদনকারী জেলের বিষয়ে মতামত প্রদান করবেন যে, তিনি সত্যিকার জেলে কিনা।
- প্রতি ইউনিয়নে একটি নির্দিষ্ট দিন জেলে প্রতিনিধি, ওয়ার্ড সদস্য, দফাদার, গণ্যমান্য ব্যক্তিবর্গ, চেয়ারম্যানসহ মৎস্য অফিসের প্রতিনিধি বসে জনসমক্ষে সকল আবেদন যাচাই বাছাই করা।
- চুড়ান্তভাবে বাছাইকৃত জেলেদের তালিকা গণনাকারীকে সরবরাহ করা
- একটি নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা মৎস্য অফিসে এসে অথবা ইউনিয়নে জেলে নিবন্ধন ফরম পূরণ, ছবি তোলা ও অন্যান্য কাজ শেষে নিবন্ধনের ব্যবস্থা করা।

**সমস্যার প্রস্তাবিত সমাধান/আইডিয়া (প্রসেসম্যাপ):**

শুরু
↓
প্রতিটি ওয়ার্ড হতে ৩ জন করে জেলে প্রতিনিধি বাছাই করা (যদি সম্ভব হয়)
↓
জেলে নিবন্ধনের জন্য আবেদন ফরম তৈরী করা যা মৎস্য অফিস, জনপ্রতিনিধি ও দপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে
↓
জেলেরা আবেদন ফরম সংগ্রহ করে পূরণপূর্বক তা ইউনিয়ন পরিষদ/মৎস্য অফিসে জমা দিবেন
↓
নির্ধারিত সময়ে ইউনিয়ন পরিষদ ও অফিসে জমা হওয়া সকল আবেদন জেলে প্রতিনিধিদের উপস্থিতিতে সঠিকভাবে যাচাই বাছাই করা ও যাচাইকৃত তালিকা গণনাকারীকে সরবরাহ করা
↓
গণনাকারীর মাধ্যমে জেলে নিবন্ধন ফরমপূরণ ও নিবন্ধনকরণ
↓
শেষ

**উদ্ভাবনী আইডিয়ার শিরোনাম:** জেলে নিবন্ধন কার্যক্রম সহজীকরণ

**প্রত্যাশিত ফলাফল (TCV++):**

| | সময়(দিন) | খরচ (টাকা) | যাতায়াত (কতবার) |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের পূর্বে | ২-৩ বছর | ১৫০ | ৩ |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ৬ মাস | ৫০ | ১ |
| মোটপার্থক্য | ২-২.৫ বছর | ১০০ | ২ |
| অন্যান্য (TCV কমেনি, কিন্তু গুণগত মানবৃদ্ধি কিংবা অন্যান্যসুবিধা বেড়েছে) | | | |

**উদ্যোগটির মধ্যে নতুনত্ব কী?**

জেলেরা শুধুমাত্র ১ বার মৎস্য অফিসে এসে অথবা না এসে ( যদি ইউনিয়ন পর্যায়ে নিবন্ধন ফরম পূরণ করা হয়) জেলে হিসেবে নিবন্ধন করতে পারবেন ও জেলে পরিচয়পত্র পাবেন। এতে সময় ভিজিট ও খরচ অনেক কমবে।

**আইডিয়া পাইলটিং টিম (নাম, পদবী,কর্মস্থল,মোবাইল):**

| টিম লিডার | সদস্য-১ | সদস্য-২ | সদস্য-৩ | সদস্য-৪ |
|---|---|---|---|---|
| নাম: মোঃ মাসুদ রানা<br>পদবী: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>কর্মস্থল: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, সদর, চাঁপাইনবাবগঞ্জ<br>মোবাইল: ০১৭১৬৪০৮৪৩৯ | নাম: মোঃ নাইমুল হক<br>পদবী: সহকারী মৎস্য কর্মকর্তা<br>কর্মস্থল: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, সদর, চাঁপাইনবাবগঞ্জ<br>মোবাইল: ০১৭১৯০৩৫৫৯১ | নাম: মোঃ মোস্তাক আলী<br>পদবী: অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>কর্মস্থল: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, সদর, চাঁপাইনবাবগঞ্জ<br>মোবাইল: ০১৭১৭২৯১৬৮৯ | নাম: সুকুমার রয়<br>পদবী: লিফ, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্প,<br>কর্মস্থল: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, সদর, চাঁপাইনবাবগঞ্জ<br>মোবাইল: ০১৭৬৭৭২৪২৮০ | নাম: শাহরিয়ার সুলতান সাগর<br>পদবী: অফিস সহায়ক<br>কর্মস্থল: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, সদর, চাঁপাইনবাবগঞ্জ<br>মোবাইল: ০১৩১৭৩৮৫৫৮৪ |

**স্টেক হোল্ডারদের তথ্য (পাইলটিং টিমের বাইরে আইডিয়াটি বাস্তবায়নে যে যে ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহ জড়িত):**

| | | | |
|---|---|---|---|
| আইডিয়ার অনুমোদনকারী: মোঃ মাহবুবুর রহমান<br>জেলা মৎস্য কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ | পার্টনার: - | পরামর্শক/সহায়তাকারী: সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, চাঁপাইনবাবগঞ্জ | বিরোধিতাকারী (যদি থাকে): |

**উদ্ভাবনীআইডিয়াপাইলটিং-এরকর্মপরিকল্পনা:**

| কাজ | কেকরবে? | সময়কাল (মাস/তারিখ) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ফেব্রুঃ | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই |
| অনুমোদনকারী/উর্দ্ধতন কর্মকর্তার সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহন | দলনেতা | → | | | | | |
| চূড়ান্ত পাইলটিং টিম গঠন ও তাদের সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহন | দলনেতা | → | | | | | |
| সকল স্টেকহোল্ডারের সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহন | টিম | | → | | | | |
| সেবাগ্রহীতাদের সাথে আইডিয়া সম্পর্কে আলোচনা ও মতামত গ্রহন | টিম | | → | | | | |
| সকল পর্যায়ের মতামতসমূহের সংকলন ও আইডিয়াটি চূড়ান্তকরণ | টিম | | → | → | | | |
| আবেদন ফরম তৈরী ও বিতরণ | টিম | | → | → | | | |
| কার্যক্রম বাস্তবায়ন | টিম | | | | → | → | |
| | | | | | | | |
| | | | | | | | |

৩১/০১/২০২৪
(মোঃ মাসুদ রানা)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ ।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

বিষয়ঃ জেলে হিসেবে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের জন্য আবেদন।

| ২ কপি<br>পাসপোর্ট সাইজের ছবি |
|---|

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি.............................................., পিতাঃ..............................................., গ্রামঃ.................................., ডাকঘর.................................., মোবাইল নম্বর ................................, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ। আমি নদী/বিল/পুকুর (প্রযোজ্যটি রেখে বাকিটুকু কেটে দিন) -এ ........ মাস মাছ ধরে জীবিকা নির্বাহ করি। আমি একজন প্রকৃত জেলে। জেলে হিসেবে আমার নাম নিবন্ধন ও জেলে পরিচয়পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

........................

(জেলের স্বাক্ষর/টিপসহি)

| **ওয়ার্ড সদস্যের প্রত্যয়ন:** | **জেলে হিসেবে নিবন্ধনের শর্তাবলী:** |
|---|---|
| **আমি সঠিক তদন্তপূর্বক সততা ও বিশ্বস্ততার সহিত ঘোষণা করছি যে,** জনাব ............................................................, পিতাঃ ......... .........................................., গ্রামঃ......................................, ডাকঘরঃ ............................, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ-কে আমি ব্যক্তিগতভাবে চিনি ও জানি। তিনি.............মাস মৎস্য আহরণ করে জীবিকা নির্বাহ করেন। কাজেই তিনি একজন প্রকৃত মৎস্যজীবি (জেলে)। তার নাম জেলে হিসেবে নিবন্ধন ও জেলে পরিচয়পত্র প্রদানের সুপারিশ করছি।<br><br>.............................<br>(সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্যের স্বাক্ষর ও সীল) | **১। সত্যিকার অর্থে জেলে হতে হবে, অর্থাৎ বৎসরের একটি নির্দিষ্ট সময় বিল/নদীতে জাল দিয়ে মাছ ধরে তা বিক্রয় করে বা অন্যের পুকুরে মাছ ধরে প্রাপ্ত পারিশ্রমিক দিয়ে সংসার চলানো**<br>২। নির্ভুলভাবে আবেদন পত্রটি পূরণ করা।<br>৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ১ কপি<br>৪। পাসপোর্ট সাইজের স্পষ্ট ছবি- ২ কপি<br>৫। নাগরিকত্ব সনদের ফটোকপি- ১ কপি<br>৬। দলনেতা হলে, ১ জন সাথী জেলের<br><br>নাম:...................................<br>মোবাইল নম্বর: ...........................<br>**অথবা,**<br>দলনেতা না হলে, দলনেতার<br>নাম: ....................................<br>মোবাইল নম্বর:<br>.............................. |

**ইউনিয়ন চেয়ারম্যানের মতামত:**

আমি যথাযথভাবে যাচাই করে বিশ্বস্ততার সহিত জানাচ্ছি যে, উপরে বর্নিত ব্যক্তি প্রকৃতপক্ষে জেলে/ জেলে নয় (প্রযোজ্যটি রেখে অন্যটি কেটে দিন)। তাকে জেলে হিসেবে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের বিষয়ে আমার মতামত নিম্নরূপ (প্রযোজ্যটি রেখে অন্যটি কেটে দিন):

**১। জেলে হিসেবে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান করা সঠিক হবেনা**

**২। জেলে হিসেবে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান করা যেতে পারে**

**(চেয়ারম্যানের স্বাক্ষর ও সিল)**

**বিশেষ দ্রষ্টব্য: এই আবেদন পত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদের ফটোকপি ও ২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করুন।**